

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৩]

১। ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৭৬. সিদরাতুল মুনতাহার আলোচনা।

باب فِي ذِكْرِ سِدْرَةِ الْمُنْتَهَى

### আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، حَدَّثَنَا مَالِكُ بْنُ مِغْوَلٍ، ح وَحَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ، وَزُهَيْرُ بْنُ حَرْب، جَمِيعًا عَنْ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، \_ وَأَلْفَاظُهُمْ مُتَقَارِبَةٌ \_ قَالَ ابْنُ نُمَيْرٍ حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا مَالِكُ بْنُ مِغْوَلٍ، عَنِ الزُّبَيْرِ بْنِ عَدِيّ، عَنْ طَلْحَةَ، عَنْ مُرَّةَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ لَمَّا أُسْرِيَ بِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم انْتُهِيَ بِهِ إِلَى سِدْرَةِ الْمُنْتَهِي وَهِيَ فِي السَّمَاءِ السَّادِسَةِ إِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضُ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضُ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضُ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضُ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضُ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضُ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضُ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْرَجُ بِهِ مِنَ الأَرْضِ فَيُقْبَضَ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَنْ الْأَرْضِ فَيُقْبَضَ مِنْهَا وَإِلَيْهَا يَنْتَهِي مَا يُعْشَى السِدْرَةَ مَا يَغْشَى) قَالَ فَرَاشٌ مِنْ مَنْ فَوْقِهَا فَيُقْبَضِ مُنْ فَوْقِهَا فَيُقْبَضِ مِنْ أَمُ يُسْرِكُ بِاللَّهِ مِنْ أُمَّتِهِ شَيْئًا الْمُقْحِمَاتُ الْمُعْمِى الْمَالِي خَوَاتِيمَ سُورَةِ الْبَقَرَةِ وَغُفِرَ لِمَنْ لَمْ يُشْرِكُ بِاللَّهِ مِنْ أُمَّتِهِ شَيْئًا الْمُقْحِمَاتُ السَّامِ مَنْ أُمَّتِهِ شَيْئًا الْمُقْحَمَاتُ أَنْ مِنْ الْمَوْمِ الْبَهِ مِنْ أُمَا لَا الله عليه وسلم مَنْ أُمَّتِهِ شَيْئًا الْمُقْحَمَاتُ أَنَا لَمُعْمَاتُ أَنْهَا لَعُلُومَ لَامُونَ وَاتِيمَ سُورَةِ الْبَقَرَةِ وَغُورَ لِمَنْ لَمْ يُشْرِكُ لُومُ لَا اللّهِ عَلَى اللّهُ عَلَى اللهَ عَلَيْنَ الْمُقَالِقُومُ اللهُ عَلَى الله عليه وسلم مَنْ أُمَاتِهُ شَوْمَ اللهُ عَلَى اللّه عليه وسلم مَنْ أُمَاتِهُ اللهُ عَلَيْ اللهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَالَهُ اللهُ اللّهُ عَلَا اللهُ عَلَمَا اللهُ عَلَى ال

#### বাংলা

৩২০-(২৭৯/১৭৩) আবৃ বকর ইবনু আবৃ শাইবাহ, ইবনু নুমায়র ও যুহায়র ইবনু হারব (রহঃ) ..... 'আবদুল্লাহ (রাযিঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে মি'রাজ রজনীতে সিদরাতুল মুনতাহা পর্যন্ত নিয়ে যাওয়া হল। এটি ষষ্ঠ আসমানে অবস্থিত[1]। জমিন থেকে যা কিছু উত্থিত হয় তা সে পর্যন্ত গিয়ে পৌছে এবং সেখান থেকে তা গ্রহণ করা হয়। তদ্রুপ উর্ধেলােক থেকে যা কিছু অবতরণ হয় তাও এ পর্যন্ত এসে পৌছে এবং সেখান থেকে তা গ্রহণ করা হয়। এরপর আবদুল্লাহ (রাযিঃ) তিলাওয়াত করলেনঃ "যখন প্রান্তবর্তী বাদরী বৃক্ষটি যা দ্বারা আচ্ছাদিত হবার, তা দ্বারা আচ্ছাদিত হলাে"- (সূরাহ্ আন নাজন ৫৩ঃ ১৬) এবং বলেন, এখানে 'যা দ্বারা' কথাটির অর্থ সোনার পতঙ্গসমূহ। তিনি বলেন, তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে তিনটি বিষয় দান করা হল, পাঁচ ওয়াক্ত সালাত। সূরাহ আল-বাকারার শেষ দু' আয়াত এবং শিরক মুক্ত উম্মতের মারাত্মক গুনাহ তাওবার মাধ্যমে ক্ষমার সুসংবাদ[2]। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৩২৮, ইসলামিক সেন্টারঃ ৩৩৯)

## **English**



Chapter: About (The Lote-Tree of the Utmost Boundary)

It is narrated on the authority of Abdullah that when the Messenger of Allah (ﷺ) was taken for the Night journey, he was taken to Sidrat-ul-Muntaha, which is situated on the sixth heaven, where terminates everything that ascends from the earth and is held there, and where terminates every-thing that descends from above it and is held there. (It is with reference to this that) Allah said:

"When that which covers covered the lote-tree" (al-Qur'an, liii. 16). He (the narrator) said: (It was) gold moths. He (the narrator further) said: The Messenger of Allah () was given three (things): he was given five prayers, be was given the concluding verses of Sura al-Baqara, and remission of serious Sins for those among his Ummah who associate not anything with Allah

### ফুটনোট

- 1. ইমাম নবাবী (রহঃ) বলেন যে, প্রত্যেক কিতাবে উল্লেখ আছে যে, সিদরাতুল মুনতাহা ষষ্ঠ আসমানে। শুধু আনাস (রাযিঃ) এর বর্ণিত হাদীসসমূহে আছে যে, সিদরাতুল মুনতাহা সপ্তম আসমানের উপরে। কাষী ইয়ায বলেনঃ সঠিক এবং অধিকাংশের মত এটাই। এ দু' প্রকার হাদীসের মধ্যে সামঞ্জস্য এভাবে করা যায় যে, সিদরাতুল মুনতাহা'র জড় বা গোড়া ষষ্ঠ আসমানে এবং এ গাছের ডালপাতা সপ্তম আসমানের উপর পর্যন্ত গেছে। কারণ খুব বড় গাছ। খলীল বলেনঃ সিদরাতুল মুনতাহা একটি গাছ যা সপ্তম আসমানে আছে। যা আসমানসমূহ এবং জান্নাত সমূহকে ছায়া করে আছে।
- 2. মারাত্মক গুনাহ ক্ষমার অর্থ এ উম্মাহর যে ব্যক্তি শিরকমুক্ত অবস্থায় মারা যাবে, সে চিরস্থায়ী জাহান্নামে থাকবে না। বরং মহান আল্লাহ তাকে যখনি হোক ক্ষমা করে দিবেন। হে আল্লাহ! তোমার খাস রহমাতে শিরক হতে আমাদের বাঁচিয়ে রেখ এবং তাওহীদের উপর যেন আমাদের সমাপ্তি হয় এ প্রার্থনা করি। (সংক্ষিপ্ত নাবাবী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন